



# HUMAN RIGHTS SUPPORT SOCIETY (HRSS)

# D-3, # 3<sup>rd</sup> floor, Plot # 2, Nur-Jehan Tower, 2<sup>nd</sup> Link Road, Bangla Motor, Dhaka-1000,  
Bangladesh. E-mail: hrssbd14@gmail.com, Web: www.hrssbd.org

Ref: hrss/2023/ka/10

Reg. No: S-12473/2016

তারিখঃ ০২.০৮.২০২৩ ইং

## সংবাদ বিজ্ঞপ্তি

### বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি জুলাই ২০২৩ এইচআরএসএস এর মাসিক মানবাধিকার পর্যবেক্ষণ প্রতিবেদন।

বর্তমান সরকারের অধীনে বাংলাদেশ উল্লেখযোগ্য ইতিবাচক অনেক সাফল্য অর্জন করলেও আইনের শাসন, গণতন্ত্র ও জনগনের ভোটাধিকার, মত প্রকাশের স্বাধীনতা, সভা সমাবেশ করার অধিকার, সামাজিক নিরাপত্তা, নারীর অধিকারসহ সার্বিক মানবাধিকার পরিস্থিতির আশাব্যঞ্জক অগ্রগতি পরিলক্ষিত হয়নি। সাংবিধানিক বাধ্যবাধকতা এবং আন্তর্জাতিক আইন ও চুক্তি থাকা সত্ত্বেও বাংলাদেশে নিয়মিত মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। ২০২৩ সালের জুলাই মাসের মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা করে দেখা যায় যে, শান্তিপূর্ণ সভা সমাবেশে বাধা দেওয়া, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গায়েবি মামলা, রাজনৈতিক গ্রেফতার, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের আইনবহির্ভূত আচরণ, সাংবাদিকদের উপর আক্রমণ ও গ্রেফতার, সীমান্তে বিএসএফ কর্তৃক নিরীহ বাংলাদেশী হত্যা ও নির্যাতন, নারীর প্রতি সহিংসতা এবং গণপিটুনে মানুষ হত্যা অব্যাহত রয়েছে। বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদ এবং এইচআরএসএস এর তথ্য অনুসন্ধানী ইউনিট ও স্থানীয় প্রতিনিধিদের তথ্যের ভিত্তিতে ২০২৩ সালের জুলাই মাসের মানবাধিকার পর্যবেক্ষণ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

## জুলাই মাসে ৬৮ টি “রাজনৈতিক সহিংসতার” ঘটনায় নিহত হয়েছেন কমপক্ষে ৮ জন, আহত হয়েছেন ১২৭০ জন। যার অধিকাংশই ক্ষমতাসীন আওয়ামীলীগের অন্তর্কোন্দল এবং বিএনপির পদযাত্রা ও সমাবেশকে কেন্দ্র করে আওয়ামীলীগের পাল্টা শান্তি সমাবেশ কেন্দ্রিক সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। তাছাড়া আইন প্রয়োগকারী সংস্থাগুলির দ্বারা ১৫২৩ জন রাজনৈতিক গ্রেফতারের শিকার হয়, তন্মধ্যে বিএনপি-জামায়াতের ১৫১৩ জন। এ মাসে, বিরোধীদের নেতা-কর্মীদের বিরুদ্ধে ৪০ টি রাজনৈতিক মামলায় ১৯৪৪ জনের নাম উল্লেখ করে এবং আরো ৮২৮৫ জনকে অজ্ঞাত আসামী হিসেবে অভিযুক্ত করা হয়েছে। এছাড়া আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী ও সরকার দলীয় নেতাকর্মীদের দ্বারা বিরোধীদলীয় ৪১ টি সভা-সমাবেশ আয়োজনে বাধা প্রদানের ঘটনা ঘটেছে। এসময় তাদের সাথে সংঘর্ষে ৫৩৮ জন আহত এবং সমাবেশ কেন্দ্রিক ১৩৪০ জনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়াও নির্বাচনী সহিংসতার ৫ টি ঘটনায় ২৩ জন আহত হয়েছেন।

## এ মাসে ০৭ টি হামলার ঘটনায় ১০ জন সাংবাদিক নির্যাতন ও হয়রানির শিকার হয়েছেন, আহত হয়েছেন অন্ততপক্ষে ০৫ জন ও হুমকির শিকার হয়েছেন ০২ জন। একই সময়ে আশঙ্কাজনকভাবে, ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর অধীনে দায়ের করা ৮টি মামলায় গ্রেফতার হয়েছেন ৬ জন ও অভিযুক্ত হয়েছেন ২৫ জন।



## HUMAN RIGHTS SUPPORT SOCIETY (HRSS)

# D-3, # 3<sup>rd</sup> floor, Plot # 2, Nur-Jehan Tower, 2<sup>nd</sup> Link Road, Bangla Motor, Dhaka-1000,  
Bangladesh. E-mail: [hrssbd14@gmail.com](mailto:hrssbd14@gmail.com), Web: [www.hrssbd.org](http://www.hrssbd.org)

## জুলাই মাসে ২০৬ জন নারী ও কন্যা শিশু নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছেন ৯৯ জন, যাদের মধ্যে আশঙ্কাজনকভাবে ৫৮ জন (৫৯%) ১৮ বছরের কম বয়সী শিশু। এটা অত্যন্ত উদ্বেগের বিষয় যে ২৭ জন নারী ও শিশু গণধর্ষণের শিকার হয়েছেন এবং ধর্ষণের পর হত্যা করা হয়েছে ০৬ জনকে যারা সবাই কন্যা শিশু। ৪৩ জন নারী ও কন্যা শিশু যৌন নিপীড়নের শিকার হয়েছেন তন্মধ্যে শিশু ১৮ জন। যৌতুকের জন্য নির্যাতনের ঘটনায় নিহত হয়েছেন ০৬ জন নারী এবং শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন ০৮ জন ও আত্মহত্যা করেছেন ০১ জন। পারিবারিক সহিংসতার শিকার হয়ে নিহত হয়েছেন ৩০ জন, আহত হয়েছেন ০৫ জন এবং আত্মহত্যা করেছেন ১২ জন নারী। এসিড সহিংসতার শিকার হয়েছেন ০২ জন নারী। অন্যদিকে, এটি উদ্বেগজনক যে, ২০১ জন শিশু নির্যাতনের শিকার হয়েছেন যাদের মধ্যে ৩৭ জন প্রাণ হারিয়েছেন এবং ১৬৪ জন শিশু শারীরিক ও মানুসিক নির্যাতনের শিকার হয়েছেন।

## এটি উদ্বেগজনক যে, এ মাসে “গণপিটুনির” ১২ টি ঘটনায় নিহত হয়েছেন ৫ জন এবং আহত হয়েছেন ১০ জন। এছাড়াও “ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)” কর্তৃক ০২ টি হামলার ঘটনায় ০২ জন বাংলাদেশী নিহত ও ০২ জন আহত হয়েছেন।

অনতিবিলম্বে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের মাধ্যমে জনগনের মৌলিক ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে না পারলে দেশের সার্বিক মানবাধিকার পরিস্থিতি আরো অবনতির দিকে যাবে। তাই “হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির” পক্ষ থেকে সরকারকে মানবাধিকার রক্ষায় দায়িত্বশীল ভূমিকা পালন করতে এবং দেশের সকল সচেতন নাগরিক, সাংবাদিক, রাজনৈতিক নেতৃবৃন্দ ও দেশি-বিদেশী মানবাধিকার সংগঠন গুলোকে আরো সোচ্চার হওয়ার আহ্বান জানাচ্ছে।

**ধন্যবাদসহ**

ইজাজুল ইসলাম  
নির্বাহী পরিচালক

হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)

ইমেইল: [hrssbd14@gmail.com](mailto:hrssbd14@gmail.com)